

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১১)

তারিখঃ ২১ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: ইউনুস আলী (ইনডেক্স: R380027), এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৮৭; তারিখ: ১৬/০৪/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসায় গত ১/১১/২০২৫ তারিখে পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা কর্মী এবং আয়া পদে নিয়োগ কার্যক্রম অনুষ্ঠিত হয়। উক্ত ০৩ জন কর্মচারী ইতোমধ্যে এমপিওভুক্ত হয়েছে। টেম্পারিং করে ম্যানেজিং কমিটির মেয়াদ বৃদ্ধি, ডুয়া কাগজপত্র তৈরী করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছেন মর্মে ২১/০১/২০২৬ তারিখের উমাশিঅ/রা.হাট/জেশিঅ-৪৪৯/২০২৬/২৮ নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম অবহিত করেন। তৎপ্রেক্ষিতে সুপার জনাব মো: ইউনুস আলী (ইনডেক্স: R380027), এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করা হলো।

এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: ইউনুস আলী (ইনডেক্স: R380027), এর এমপিও স্থায়ীভাবে কেন বন্ধ করা হবে না মর্মে আগামী ৫ কর্মদিবসের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। সুপার, সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৪। সভাপতি, সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।